



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/3/2022

গভর্নর ক্যাথি হোকল

## SALT কর্তনের বিরুদ্ধে গভর্নর হোকল এবং অ্যাটর্নি জেনারেল জেমসের অব্যাহত প্রচেষ্টা

*একাধিক স্টেট নিয়ে গঠিত কোয়ালিশন যুক্তরাষ্ট্রের সুপ্রিম কোর্টের কাছে আপিল শুনানির জন্য পিটিশন দাখিল করেছে*

নিউ ইয়র্কের গভর্নর ক্যাথি হোকল এবং নিউ ইয়র্কের অ্যাটর্নি জেনারেল লেটিশিয়া জেমস আজ ঘোষণা করেছেন যে ফেডারেল সরকার কর্তৃক স্টেট ও স্থানীয় করের উপর বেআইনি ও অভূতপূর্ব সীমা নির্ধারণ, যা SALT নামে পরিচিত, এর বিরুদ্ধে তাদের মামলা চালিয়ে যাওয়ার জন্য নিউ ইয়র্ক, কানেক্টিকাট, ম্যারিল্যান্ড, ও নিউ জার্সি যুক্তরাষ্ট্রের সুপ্রিম কোর্টের কাছে রিট দাবি করে একটি পিটিশন দাখিল করেছে। আজকের এই পিটিশনে সুপ্রিম কোর্টের কাছে 2021 সালের অক্টোবর মাসে যুক্তরাষ্ট্রের আপিল আদালত কর্তৃক, SALT সীমা নির্ধারণ প্রধানত ডেমোক্রেটিক স্টেটগুলোর নীতিমালা সম্পর্কিত সিদ্ধান্তে হস্তক্ষেপের উদ্দেশ্যে সাবেক ফেডারেল প্রশাসন কর্তৃক রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত একটি বিধান এই যুক্তিতে স্টেটের দায়ের করা মামলা ডিস্ট্রিক্ট আদালতের প্রত্যাখ্যান করার দ্বিতীয় রায় বহাল রাখার আদেশটি পর্যালোচনার জন্য আবেদন করা হয়েছে।

"SALT কর্তনের সীমা নিউ ইয়র্কবাসীদের জন্য দ্বিগুণ কর আরোপ করার চেয়ে কম কিছু নয়," বলেছেন গভর্নর হোকল। "SALT সীমা প্রত্যাহার করাটা শুধু নিউ ইয়র্কের পরিবারগুলোর পকেটে আরো বেশি অর্থ পৌঁছে দিবে তাই নয়, বরং এটি নিউ ইয়র্কের অর্থনীতিতে অতি প্রয়োজনীয় শক্তি যোগান দিবে। নিউ ইয়র্কের করদাতাদের পক্ষ নিয়ে লড়াই চালিয়ে যেতে এই বিষয়টিকে আমরা সুপ্রিম কোর্টের সামনে আনতে পেরেছি দেখে আমি গর্বিত।"

"এই অন্যায্য সীমা নির্ধারণ ইতোমধ্যে নিউ ইয়র্কের অসংখ্য কঠোর পরিশ্রমী, মধ্যবিত্ত শ্রেণির পরিবারের উপর উল্লেখযোগ্য আর্থিক বোঝা চাপিয়ে দিয়েছে, এবং সামনের বছরগুলোতে নিউ ইয়র্কের করদাতাদের জন্য এটি 100 বিলিয়ন ডলারেরও বেশি ব্যয় নিয়ে আসবে বলে আশংকা করা হচ্ছে," বলেছেন অ্যাটর্নি জেনারেল জেমস। "আমরা এই ক্ষতিকর, ভ্রান্তিপূর্ণ, ও সুস্পষ্টভাবে রাজনৈতিক আক্রমণ থেকে লক্ষ লক্ষ নিউ ইয়র্কবাসীকে রক্ষার জন্য এই মামলা দায়ের করেছি। নিউ ইয়র্ক তার ন্যায্য শেয়ারের চেয়ে বেশি পরিমাণে অর্থ পরিশোধ করার হয়রানি মুখ বুজে সহ্য করবে না, এবং আমরা আমাদের লড়াই চালিয়ে যাবো।"

এই মামলা — যা 2018 সালের জুলাই মাসে নিউ ইয়র্কের সাদার্ন ডিস্ট্রিক্টের যুক্তরাষ্ট্রের ডিস্ট্রিক্ট আদালতে প্রথম দায়ের করা হয়েছিল — যুক্তি পেশ করেছে যে এই নতুন SALT কর্তন সীমার বিধানটি নিউ ইয়র্কে এবং অনুরূপ পরিস্থিতিতে থাকা স্টেটগুলোকে উদ্দেশ্য করে প্রণীত হয়েছে, এবং এটি স্টেটের নিজস্ব আর্থিক সিদ্ধান্ত গ্রহণের অধিকারে হস্তক্ষেপ করে, এবং এটি এসব স্টেটের করদাতাদের অসমভাবে ক্ষতির সম্মুখীন করবে। স্টেট ও স্থানীয় কর কর্তনের সর্বোচ্চ গড় বিদ্যমান থাকা শীর্ষ স্টেটগুলোর — যাদের সংখ্যাগরিষ্ঠ অংশ ডেমোক্রেটিক — মধ্যে নিউ ইয়র্ক, কানেক্টিকাট, ম্যারিল্যান্ড, ও নিউ জার্সি অন্তর্ভুক্ত রয়েছে।

2017 সালের কর আইন এক শতাব্দির বেশি পুরোনো ফেডারেল কর বিধিকে বদলে দিয়েছে — যা স্টেট ও স্থানীয় কর কর্তনকে ব্যাপকভাবে পরিবর্তন করে 10,000 ডলারের সীমায় নির্ধারণ করে দিয়েছে। নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অব ট্যাক্সেশন এন্ড ফিন্যান্স (Department of Taxation and Finance) কর্তৃক একটি বিশ্লেষণে দেখা যায় যে এই সীমা নির্ধারণ নিউ ইয়র্কবাসীদের বার্ষিক করের পরিমাণ 15 বিলিয়ন ডলার পর্যন্ত বাড়িয়ে দিবে। দেশের অন্যতম শীর্ষ দাতা স্টেট হিসেবে এই হামলা অন্য অনেক স্টেটের তুলনায় নিউ ইয়র্কের জন্য উল্লেখযোগ্যভাবে বেশি ক্ষতিকর। 2017 সালের আইনটি প্রণয়নের আগে ইতোমধ্যে নিউ ইয়র্ক কী পরিমাণ অর্থ ওয়াশিংটন, ডি. সি.-তে পাঠিয়েছে এবং তার বদলে কী পরিমাণ তহবিল বরাদ্দ পেয়েছে সে বিবেচনায় সব স্টেটের মধ্যে সবচেয়ে ব্যাপক অসমতার সম্মুখীন ছিল। কানেক্টিকাট, ম্যারিল্যান্ড, ও নিউ জার্সি সহ অন্য দাতা স্টেটগুলোও একইভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে।

2019 সালের সেপ্টেম্বর মাসে দেয়া আদেশে, নিউ ইয়র্ক স্টেট এবং এটির অংশীদার স্টেটগুলোর বিপক্ষে রায় দেয়া সত্ত্বেও, নিউ ইয়র্কের সাদার্ন ডিস্ট্রিক্টের যুক্তরাষ্ট্রের ডিস্ট্রিক্ট আদালত একমত পোষণ করেছে যে স্টেট ও স্থানীয় কর্তনের সীমা নির্ধারণের ফলে বাড়ির মূল্য কমে যেতে পারে স্টেটগুলোর উত্থাপিত এই যুক্তি অনুযায়ী স্টেটগুলো ক্ষতিগ্রস্ত হয়েছে। কার্যত স্টেটে সম্পত্তির কর বৃদ্ধি করার মাধ্যমে, SALT সীমা বাড়ির মালিকদের সম্পত্তির দামও কমিয়ে দিবে, যা বাড়ি বিক্রিকে নিরুৎসাহিত করবে এবং এধরনের বিক্রয়ের উপর কর ধার্য করার মাধ্যমে স্টেট যে রাজস্ব পেত তার পরিমাণ কমিয়ে দিবে।

সংবাদ মাধ্যমে উঠে আসা বিভিন্ন ঘটনার বিবরণ থেকেও প্রমাণ পাওয়া যায় যে নিউ ইয়র্কবাসীরা — বিশেষ করে স্টেটের সর্বোচ্চ উপার্জনকারী ব্যক্তির — ইতোমধ্যে SALT কর্তনের সীমার মতো বিধানের কারণে ফ্লোরিডার মতো স্টেটগুলোতে তাদের বাসা ও ব্যবসা প্রতিষ্ঠান সরিয়ে নিচ্ছেন। নিউ ইয়র্কে স্টেটের আয়কর সংগ্রহের 46 শতাংশ করদাতাদের শীর্ষ এক শতাংশের কাছ থেকে আসে এবং তাদেরকে হারিয়ে ফেলাটা স্টেটের প্রত্যেক ব্যক্তির জন্য সুযোগের ব্যবস্থা করে দেয়ার জন্য নিউ ইয়র্কের অঙ্গীকারকে হুমকির সম্মুখীন করবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov) -এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবক্ষাইব করুন](#)